

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা- ১২১৫।
vphspdlsbd@gmail.com

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮৩৪.০৭.০৫৩.২১- ৪১৯

তারিখ. ২৪/০৭/২০২২ খ্রি.

বিষয় : জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্পের আওতায় ফিল্ড ফেসিলিটিটরদের সঠিক নিয়মে নমুনা সংগ্রহ, সংরক্ষণ ও প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নায়ী 'জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প' ২৭ টি জেলার ২০১ টি উপজেলায় চলমান। ডিপিপি'র সংস্থান অনুযায়ী এই প্রকল্পের আওতায় জুনোটিক রোগে মৃত/আক্রান্ত প্রাণির নমুনা পরীক্ষায় পজিটিভ ফলাফল প্রাপ্তি স্বাপেক্ষে খামারীকে ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা আছে। এর ফলে জনসচেতনতা বৃদ্ধিসহ নিরাপদ প্রাণিজ আমিষ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে। তথ্যপ্রেক্ষিতে জুনোটিক রোগে মৃত/আক্রান্ত প্রাণির নমুনা সঠিক নিয়মে সংগ্রহ, সংরক্ষণ এবং প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। মাসিক রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় কিছু উপজেলা থেকে প্রতি মাসে সঠিক নিয়মে জুনোটিক রোগে মৃত/আক্রান্ত প্রাণির নমুনা প্রেরণ না করায় পজিটিভ ফলাফল পাওয়া যাচ্ছে না। এর ফলে সরকারের জন গুরুত্বপূর্ণ কার্যক্রমের সুফল থেকে প্রান্তিক খামারীবৃন্দ বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায় সংশ্লিষ্ট উপজেলা থেকে সঠিক নিয়মে নমুনা সংগ্রহ পূর্বক পরীক্ষাগারে প্রেরণের জন্য ফিল্ড ফেসিলিটিটরদের নিম্নে বর্ণিত নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

- তড়কা রোগের নমুনা হিসাবে রক্তের স্লাইড (০২ টি স্লাইড) এবং সোয়াব পাঠাতে হবে।
- জলাতঙ্ক আক্রান্ত গরু/মহিষ নজরদারিতে রাখা এবং মৃত্যুর পর নমুনা সংগ্রহ করা।
- ব্রসেলোসিস এর নমুনা হিসাবে রক্তের জমাটবার্ধা এবং কালচে নমুনা পরিহার করে মানসম্পন্ন নমুনা প্রেরণ।
- ফিল্ড ফেসিলিটিটরদের মাধ্যমে নমুনা সংগ্রহের সময় ভেটেরিনারি সার্জন অথবা উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা উপস্থিতি আবশ্যিক।
- সংগৃহীত তড়কা এবং ব্রসেলোসিস রোগের নমুনা ফ্রিজের নরমাল চেম্বারে (২-৮ ডিগ্রি সেলসিয়াস) এবং জলাতঙ্কের নমুনা ডিপ ফ্রিজে সংরক্ষণ করতে হবে।
- নমুনা সংগ্রহের ০৩ (তিন) দিনের মধ্যে অবশ্যই এককভাবে সরাসরি পরীক্ষাগারে পাঠানোর ব্যবস্থা করতে হবে।

প্রাপক

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট ২০১ টি উপজেলা)

(ডা. মো. আজিজুল ইসলাম)

প্রকল্প পরিচালক

জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ

সার্ভিস জোরদারকরণ প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

মোবাইল - ০১৭১২৬৬০৯৬২

সদয় অবগতির জন্য অনুলিপি:

১-৬। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা; চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম; রংপুর বিভাগ, রংপুর; ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ; খুলনা বিভাগ, খুলনা; রাজশাহী বিভাগ, রাজশাহী।

৭-৩৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রকল্প সংশ্লিষ্ট ২৭ জেলা) আপনাকে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

৩৪। অফিস কপি।